ভোরের কাগজ

29 2002

তারিখ ...

পৃষ্ঠা ... কলাম ...

# ছাত্রদের জন্য ডিএইচএল-এর বিশেষ সার্ভিস চালু

বিশ্বের শীর্ষ স্থানীয় এয়ার এক্সপ্রেস কোম্পানি ডিএইচএল ওয়ার্ল্ড ওয়াইড এক্সপ্রেস বাংলাদেশের ছাত্রদের জন্য স্টুডেন্ট ফার্স্ট নামে একটি বিশেষ সার্ভিস চালু করেছে। এই সার্ভিসের মাধ্যমে ছাত্ররা তাদের শিক্ষা সংক্রান্ত ডকুমেন্ট বিশ্বের বিভিন্ন দেশের শিক্ষা প্রতিষ্ঠানে আকর্ষণীয় মূল্যে পাঠাতে পারবে।

'স্টুডেন্ট ফার্স্ট'-এর পাশাপাশি ডিএইচএল এশিয়া, ইউরোপ, যুক্তরাষ্ট্র, কানাডা এবং অস্ট্রেলিয়ার উদ্দেশে পাঠানো শিপমেন্টের ক্ষেত্রে সামার ফেস্টিভাল নামে এক বিশেষ প্রমোশনের আয়োজন করেছে। এসব গন্তব্যে শিপমেন্ট পাঠানোর জন্য রয়েছে কিছু বিশেষ চমক, যা ক্রেতারা ডিএইচএল কাউন্টারে এসে জানতে পারবেন।

উল্লেখ্য, ডিএইচএল ওয়ার্ল্ড ওয়াইড এক্সপ্রেস বিশ্বের সবকয়টি মহাদেশের ১ লাখ ২০ হাজারেরও বেশি গন্তব্যের সঙ্গে যোগাযোগ রক্ষা করে চলেছে এবং প্রতিদিন প্রায় ১৬০ মিলিয়ন শিপমেন্ট হস্তান্তর করছে। ১৯৬৯ সালে ক্যালিফোর্নিয়াতে স্থাপিত ডিএইচএল এ যাবৎকালের অনন্য এয়ার এক্সপ্রেস সার্ভিস হিসেবে নিজেকে প্রতিষ্ঠিত করেছে। বর্তমানে ডিএইচএল-এর ২৫১টিরও বেশি এয়ার ক্রাফট-এর বহর রয়েছে, যা এটিকে বিশ্বের নবম বৃহত্তম এয়ারলাইনে পরিণত করেছে। বিজ্ঞপ্তি।